দৈনিক ইত্তেফাক

তারিখ 08 JAN 1993
পৃষ্ঠা ১২ কলাম ৭

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির নির্বাচন

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (বৃহস্পতিবার) ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকরী পরিষদের নির্বাচনে শিক্ষকদের 'সাদা' গ্রুপ সংখ্যাগরিষ্ঠতা লাভ করি-

( ২য় পৃঃ ৬-এর কঃ দ্রঃ )

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(শেষ পৃঃ পর)

য়াছে। সভাপতি, সাধারণ সম্পাদক পদসহ কার্যকরী পরিষদের মোট ১৫টি পদের মধ্যে ৮টি পদ পাইয়াছে 'সাদা' গ্রুপ। যুগ্ম সম্পাদক পদসহ মোট ৫টি পদ পাইয়াছে 'নীল' গ্রুপ। শিক্ষকদের অপর গ্রুপ 'গোলাপী' মাত্র ২টি সদস্যপদ অর্জন করিয়াছে।

'সাদা' গ্রুপ হইতে কলা অনুষদের ডীন ইতিহাস বিভাগের অধ্যাপক ডঃ কে,এম মোহসীন সভাপতি পদে নির্বাচিত হইয়াছেন, প্রাপ্ত ভোটসংখ্যা ৩৬৬। তাহার নিকটতম প্রতিদ্বন্দ্বী 'নীল' গ্রুপের ডঃ এটি,এম জহুরুল হক ৩১৮ ভোট পাইয়াছেন। 'সাদা' গ্রুপ হইতে পদার্থবিদ্যা বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ বদরুল আলম সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হইয়াছেন। প্রাপ্ত ভোটসংখ্যা ৩১২। তাহার নিকটতম প্রতিদ্বন্দ্বী ডঃ এস, এম, মাহফুজুর রহমান ২২৯ ভোট পাইয়াছেন।

ইহাছাড়া সমিতির নির্বাচিত অন্যান্য সদস্য হইলেন : সহ-সভাপতি ডঃ সাঈদ-উর রহমান (সাদা) কোষাধ্যক্ষ ডঃ আনোয়ার হোসেন (সাদা), যুগ্ম-সম্পাদক ডঃ মোঃ আনোয়ার হোসেন (নীল), সদস্য যথাক্রমে ডঃ আ, ফ, ম, ইউসুফ হায়দার (সাদা) ডঃ এ, কে,এম নজরুল ইসলাম (সাদা), ডঃ এম এরশাদুল বারী (সাদা), মোঃ শফিকুর রহমান (সাদা) মোঃ আনিস আহমেদ (নীল) ডঃ মোঃ শাহাদত আলী (নীল) ডঃ মোহাম্মদ মসিহুজ্জামান (নীল), ডঃ মোহাব্বত খান (নীল), ডঃ আমিনুল ইসলাম (গোলাপী) ও প্রফেসর কে, এম সাদ উদ্দিন (গোলাপী)।